

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

E-mail : [dgdncbd@gmail.com](mailto:dgdncbd@gmail.com), website [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd) Fax: 8802-8870010.

নং- ৪৪.০৪.০০০০.০০৫.১৮.৩৮৮.১৬- ৮৫৬৬৮

তারিখ : ২৬/১১/১৬

### অফিস আদেশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয় রেখে মাদকের সরবরাহ হ্রাস, মাদকের চাহিদা হ্রাস ও মাদকের ক্ষতি হ্রাস এই তিনটি স্ট্র্যাটেজি এর মাধ্যমে মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়ার ভিশন নিয়ে কাজ করে যাচ্ছে। অধিদপ্তর হতে নারকোটিক ড্রাগস, সাইকোট্রপিক সাবস্ট্যান্স ও প্রিকারসর কেমিক্যালসহ বিভিন্ন মাদকদ্রব্যের আমদানি, রপ্তানি, উৎপাদন, ব্যবহার লাইসেন্স প্রদানের মাধ্যমে চিকিৎসা শিল্প কারখানা এবং গবেষণায় লাইসেন্সিং ব্যবস্থার মাধ্যমে মাদকদ্রব্যের বৈধ ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। এ প্রক্রিয়ায় লাইসেন্সীর অনুকূলে মাদকদ্রব্যের আমদানি ছাড়পত্র প্রদান একটি প্রধান কাজ।

০২। বিদ্যমান পদ্ধতিতে মাদকদ্রব্যের আমদানি ছাড়পত্রের জন্য একজন আবেদনকারীকে উপ অঞ্চল/জেলা কার্যালয়ে আবেদন দাখিল করতে হয়। আবেদনের সাথে দাখিলীয় কাগজপত্রাদি সত্যায়নের জন্য সময় ব্যয় হয়। অধিকন্তু আবেদনের সাথে অতিরিক্ত কাগজপত্র দাখিল করতে বলা হয়। উপ অঞ্চল/জেলা কার্যালয়ে আবেদনকারীর তথ্য উপাত্ত সংরক্ষণের জন্য কোন ডাটাবেইজ ব্যবস্থাপনা নাই। ডাটাবেইজ না থাকায় অনেক প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিকে জটিলতর করে। নথি বা পত্রের অবস্থান সম্পর্কে আবেদনকারীকে অবহিত করার ব্যবস্থা না থাকায় আবেদনকারীকে বার বার পত্রের অবস্থান সম্পর্কে খোঁজ নিতে হয়। ফলে ভিজিট সংখ্যা ও খরচ বৃদ্ধি পায়।


০৩। সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়ন তথা জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহকে পর্যায়ক্রমে সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর প্রথম ধাপ হিসেবে অধিদপ্তর কর্তৃক নারকোটিক ড্রাগস, সাইকোট্রপিক সাবস্ট্যান্স ও প্রিকারসর কেমিক্যালস এর আমদানি ছাড়পত্র প্রদানের সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে। উক্ত অনলাইন প্রক্রিয়ায় প্রাথমিকভাবে পাইলট হিসেবে অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ অঞ্চল ও নায়ায়নগঞ্জ জেলা কার্যালয়কে নির্ধারণ করা হয়েছে।

০৪। আগামী ২০ ডিসেম্বর ২০১৬ তারিখ হতে পাইলট এলাকার আওতাধীন মাদকদ্রব্য (নারকোটিক ড্রাগস, সাইকোট্রপিক সাবস্ট্যান্স ও প্রিকারসর কেমিক্যালস) আমদানিকারক প্রতিষ্ঠান তাদের আমদানি ছাড়পত্রের আবেদন অনলাইনে ([www.dnc-eservice.org](http://www.dnc-eservice.org)) দাখিল করবেন। অনলাইনে প্রাপ্ত আবেদন তদন্তক্রমে সুপারিশসহ প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা কার্যালয় হতে বিভাগীয় কার্যালয়ে এবং বিভাগীয় কার্যালয় হতে প্রধান কার্যালয়ে অনলাইনের মাধ্যমে প্রেরণ করা হবে। পরবর্তীতে প্রধান কার্যালয় হতে আমদানি ছাড়পত্র অনুমোদনের পর তা অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)) প্রকাশ করা হবে।

-অপর পৃঃ দ্রঃ-

০৫। আমদানি ছাড়পত্রের আবেদন অনলাইনে নেয়া হলে লাইসেন্সের অফিসে যাতায়াতের সময় ও পরিবহন ব্যয় সাশ্রয় হবে, আবেদনের সঠিকতা রিটার্ন ই-মেইল এর মাধ্যমে জানতে পারবে, ডিজিটাল ট্র্যাকিং এর মাধ্যমে আবেদন পত্রের হালনাগাদ অবস্থা জানতে পারবে এবং কর্মকর্তাগণকে নির্ধারিত সময়ের মধ্যেই সেবা প্রদান নিশ্চিত হবে। আমদানি ছাড়পত্র অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়া হবে যা সহজেই ডাউনলোড করে প্রয়োজনীয় কার্য সম্পাদন করা যাবে। এতে লাইসেন্সের সময় এবং অর্থের সাশ্রয় হবে। অধিদপ্তরের কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা পরিস্ফুট হবে।

০৬। এ বিষয়ে সহসাই একটি মতবিনিময় ও প্রশিক্ষণ সভা আয়োজন করা হবে। বর্ণিত কার্যক্রম/প্রক্রিয়ায় কোন অসুবিধার সম্মুখীন হলে অধিদপ্তরের ই-মেইলে (comphqdn@gmail.com) বা ০২-৮৮৭৮১০৫ নম্বর এ যোগাযোগ করার অনুরোধ করা হলো।

  
(খন্দকার রাব্বির রহমান)  
মহাপরিচালক  
ফোন : ৮৮৭০০১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, এটুআই, প্রধানমন্ত্রী কার্যালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।- অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৭। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, .....
- ৮। উপ পরিচালক/সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, .....
- ৯। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রিকারসর কেমিক্যালস আমদানি ও বিক্রয়কারী প্রতিষ্ঠান এসোসিয়েশন।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রিকারসর কেমিক্যালস এ্যাডহেসিভ ম্যানুফেকচারার এসোসিয়েশন।
- ১২। অফিস কপি/মাষ্টার ফাইল।

উঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে এ বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ।